# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
খুলনা যান্ত্রিক বিভাগ
বাপাউবো, জেলখানাঘাট, খুলনা।
ফোনঃ ০২৪৭৭-৭২১৭৪৬

Office of The Executive Engineer
Khulna Mechanical Division
BWDB, Jailkhanaghat, Khulna
Phone:02477-721746
Email: ee.khulna.me@gmail.com

স্মারক নং- যাঃ/খুলনা/ই-৮/০৭ তারিখঃ ১৫/০৭/২০২৬ খ্রিঃ

## "সীমিত দরপত্র পদ্ধতির (LTM) এর আওতায় কার্যক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, খুলনা দপ্তরের আওতায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্যক্রয় ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি/নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা মহোদয়-এর দপ্তর স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪; তারিখ: ২০/০৭/২০২০ খ্রি. এর নির্দেশনা অনুযায়ী প্রতি সেট নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ৫০০.০০ (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা এর অনুকূলে ইস্যু করতঃ অত্র দপ্তরের হিসাব শাখা হতে সংগ্রহ করা যাবে এবং আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণ করতঃ প্রয়োজনীয় কাগজপত্র আগামী ২৪/০৮/২০২৬ খ্রি. বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে জমা প্রদানের জন্য অনুরোধ করা হল। নবায়নের ক্ষেত্রে ঠিকাদার তালিকাভুক্তি রেজিষ্টেশন বহি জমা প্রদান করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে তালিকাভুক্তি ও নবায়নের ফরম বিতরণ/বিক্রয় ও আবেদন গ্রহণ করা হবে না।

ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির আবেদনের তফসিল:

| ক্রমিক নং | তালিকাভুক্তির ধরণ | তালিকাভুক্তির ধরণ আবেদনপত্র গ্রহণ ও দাখিলের সময়সীমা |
|---|---|---|
| ০১। | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি (কার্য) | বিজ্ঞপ্তির তারিখ হতে ২৪/০৮/২০২৬ খ্রি. বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত। (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত) |
| ০২। | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি (পণ্য সরবরাহ) | |

তালিকাভুক্তির (কার্যক্রয় ও পণ্য) প্রয়োজনীয় নির্দেশনাবলী:

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | আবেদন পত্রের সাথে নিম্ন-বর্ণিত ডকুমেন্ট সমূহ দাখিল করতে হবে: ০১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স। ০২) ভ্যাট রেজিস্ট্রেশন সনদ। ০৩) হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র। ০৪) **২৫ (পঁচিশ) লক্ষ** টাকার স্থিতি সম্বলিত ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদ (বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে আবেদন গ্রহণের শেষ তারিখের মধ্যে হতে হবে)। ০৫) জাতীয় পরিচয়পত্র। ০৬) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি। ০৭) প্রতিষ্ঠানের জনবল ও যন্ত্রপাতির তালিকা। ০৮) ঠিকাদার/প্রতিষ্ঠান কর্তৃক ডকুমেন্টের নির্ধারিত ফর্ম অনুযায়ী ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ্যাফিডেভিট এর কপি। |
| আবেদন ফি | আবেদন ফি ৫০০.০০ (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |
| তালিকাভুক্তি নিবন্ধন ফি | নিবন্ধন ফি ৫,০০০.০০ (পাঁচ হাজার মাত্র) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ও সরকার নির্ধারিত অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকার (অফেরতযোগ্য) **চালান** যে কোন তফশীল ব্যাংক থেকে উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, খুলনা এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। **(একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধীকারী নারী হলে তালিকাভুক্তি নিবন্ধন ফি ৩,০০০.০০ (তিন হাজার মাত্র) টাকা ও সরকার নির্ধারিত অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৪৫০.০০ (চারশত পঞ্চাশ মাত্র) টাকা)। সকল প্রকার মূল্য সংযোজন কর (ভ্যাট) অবশ্যই চালান আকারে জমা প্রদান করতে হবে।** |

ঠিকাদার তালিকাভুক্তি (কার্যক্রয় ও পণ্য) নবায়নের তফসিল:

| | |
|---|---|
| আবেদন ফি | আবেদন ফি ৫০০.০০ (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |
| নবায়ন ফি | নবায়ন ফি ২০০০.০০ (দুই হাজার) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ও সরকার নির্ধারিত অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০.০০ (তিনশত) টাকার (অফেরতযোগ্য) **চালান** উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। **(একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধীকারী নারী হলে তালিকাভুক্তি নবায়ন ফি ১,৫০০.০০ (এক হাজার পাঁচ মাত্র) টাকা ও সরকার নির্ধারিত অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ২২৫.০০ (দুইশত পঁচিশ মাত্র) টাকা)। সকল প্রকার মূল্য সংযোজন কর (ভ্যাট) অবশ্যই চালান আকারে জমা প্রদান করতে হবে।** |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতাবান।

১৫/০৭/২০২৬

**(মো: আব্দুল্লাহ-আল-লুমান)**
পরিচিতি নং- ৯২১২০১০০৩
নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক)
খুলনা যান্ত্রিক বিভাগ (অঃদাঃ)
বাপাউবো, খুলনা।

-চলমান পাতা-

স্মারক নং- যাঃ/খুলনা/ই-৮/০৭ তারিখঃ ১৫/০৭/২০২৬ খ্রিঃ

সদয় অবগতি/অবগত ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম, বাপাউবো, তেজগাঁও, ঢাকা-১২০৮।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা যান্ত্রিক সার্কেল, বাপাউবো, খুলনা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ৭২ গ্রীণ রোড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১ (এক) টি বাংলা ও ১ (এক) টি ইংরেজী দৈনিক পত্রিকায় যথানিয়মে প্রকাশের সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।)
৫। সি এস এ টু মহাপরিচালক, বাপাউবো, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
৬। জেলা প্রশাসক/জেলা পুলিশ সুপার, খুলনা। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হল।)
গ্রহণের জন্য অনুরোধ করা হল।)
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ৭২, গ্রীণ রোড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।)
৮। নির্বাহী প্রকৌশলী, খুলনা পানি উন্নয়ন বিভাগ-১ ও ২/সওজ বিভাগ/গণপূর্ত বিভাগ, খুলনা। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হল।)
৯। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা।
১০। উপ-বিভাগীয় প্রকৌশলী, খুলনা যান্ত্রিক ওয়ার্কশপ উপ-বিভাগ, বাপাউবো, খুলনা।
১১। উপ-বিভাগীয় প্রকৌশলী, যশোর যান্ত্রিক পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, যশোর।
১২। উপ-সহকারী প্রকৌশলী, খুলনা যান্ত্রিক ওয়ার্কশপ উপ-বিভাগ, বাপাউবো, খুলনা।
১৩। উপ-সহকারী প্রকৌশলী, যশোর যান্ত্রিক পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, যশোর।
১৪। প্রাক্কলনিক, খুলনা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, খুলনা।
১৫। হিসাব শাখা, অত্র দপ্তর। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য বলা হল।)
১৬। দপ্তর কপি।

১৫/০৭/২০২৬

নির্বাহী প্রকৌশলী
খুলনা যান্ত্রিক বিভাগ
বাপাউবো, খুলনা।